

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,  
ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ৩০ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
১৪ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.১৮৫.২৩.৩

বিষয়: **টেক্সটাইল স্পিনিং(রোটর) উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।**

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৪৭, তারিখঃ ১৪/০১/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, মু এন টেক্সটাইলস লিমিটেড, অফিস ও কারখানাঃ বেলেশ্বর, শাহাবেলেশ্বর, ধামরাই, ঢাকা নামক কারখানাটি “টেক্সটাইল স্পিনিং(রোটর) উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন সংখ্যা-পরিঃ/স্পিনিং:-০০০০০৭৩১-২০২৩, তারিখ-২৭/০৭/২০২৩ খ্রিঃ। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং-MUEN2421228, তারিখ- 28-12-2024 খ্রিঃ, বিল অব লেডিং নং- MEDUJOY144059, তারিখ-01-01-2025 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- ৪৫,৭০০.০০ মার্কিন ডলার দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ বেলেশ্বর, শাহাবেলেশ্বর, ধামরাই, ঢাকা এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানি নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

- বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
- প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানার ঠিকানাঃ বেলেশ্বর, শাহাবেলেশ্বর, ধামরাই, ঢাকা এলাকায় স্থাপন করতে হবে।
- উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।



১৪-০১-২০২৫  
মৃত্যুঞ্জয় কুমার মহন্ত  
সহকারী পরিচালক

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)  
প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.১৮৫.২৩.৩/১ (৪)

তারিখ: ৩০ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
১৪ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাপ্তান হাউজ, চট্টগ্রাম।
- ২। -ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, মু এন টেক্সটাইলস লিমিটেড, অফিস ও কারখানাঃ বেলেশ্বর, শাহাবেলেশ্বর, ধামরাই, ঢাকা।
- ৪। ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১৪-০১-২০২৫

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত  
সহকারী পরিচালক